## নানার বাড়িতে বেড়াতে গিয়ে পুকুরে ডুবে প্রাণ গেল দুই বোনের

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালীর সুবর্ণচরে নানার বাড়িতে বেড়াতে গিয়ে পুকুরে গোসল করতে নেমে পানিতে ডুবে দুই বোনের মর্মান্তিক মৃত্যু হয়েছে।
রোববার (২৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে চরক্লার্ক ইউনিয়নের দক্ষিণ চরক্লার্ক গ্রামের ৬ নম্বর ওয়ার্ডে এ দুর্ঘটনা ঘটে।
নিহতরা হলো রোকসানা আক্তার (৯) ও আফসানা আক্তার (৭)। তারা দুজন নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার গাংছিল গ্রামের কৃষক মহি উদ্দিনের মেয়ে।
স্থানীয় সূত্রে জানা যায়, রোববার সকাল ১০টার দিকে বাড়ির পাশের একটি মাছের ঘেরের পুকুরে গোসল করতে নামে দুই বোন। এ সময় ছোট বোন আফসানা পানিতে ডুবে যেতে থাকলে তাকে বাঁচাতে বড় বোন রোকসানা এগিয়ে যায়। একপর্যায়ে দুজনই পানিতে তলিয়ে যায়। পরে স্বজনরা অনেক খোঁজাখুঁজির পর তাদের পুকুর থেকে উদ্ধার করে স্থানীয় পল্লী চিকিৎসকের কাছে নিয়ে গেলে চিকিৎসক দুজনকেই মৃত ঘোষণা করেন। চরজব্বর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) লুৎফুর রহমান বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। এ বিষয়ে একটি অপমৃত্যু মামলা হয়েছে। ভুক্তভোগী পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।



## পঞ্চগড় জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত কমিটির প্রথম সাধারণ সভা ও নবীন বরণ

ইকবাল বাহার, পঞ্চগড়

পঞ্চগড় জেলা আইনজীবী সমিতির ২০২৬-২০২৭ বর্ষের নবনির্বাচিত কমিটির প্রথম সাধারণ সভা ও ২০২৩, ২০২৪ ও ২০২৬ সালের সনদপ্রাপ্ত আইনজীবীদের নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টায় জেলা আইনজীবী সমিতি ভবনের নিচতলায় এ সভা ও নবীন বরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সভাপতি অ্যাডভোকেট আলহাজ্ব এ. হাসান প্রধান এবং সঞ্চালনা করেন নবনির্বাচিত সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মো. আবুল কালাম আজাদ। সভায় নবনির্বাচিত সভাপতি অ্যাডভোকেট এ. হাসান প্রধান বলেন, আইনজীবী সমিতিকে একটি সুসংগঠিত, গতিশীল ও আধুনিক সংগঠন হিসেবে গড়ে তুলতে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করবো। নবীন আইনজীবীদের দক্ষতা বৃদ্ধি ও পেশাগত মান উন্নয়নে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা প্রদান করা হবে।
তিনি আরও বলেন, আইনের শাসন প্রতিষ্ঠা এবং ন্যায়বিচার নিশ্চিত করতে আইনজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সকলকে দায়িত্বশীলতার সঙ্গে পেশাগত কার্যক্রম পরিচালনার আহ্বান জানাই।
সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মো. আবুল কালাম আজাদ বলেন, নবীন আইনজীবীরা আমাদের ভবিষ্যৎ শক্তি। তাদের পাশে থেকে অভিজ্ঞ আইনজীবীরা দিকনির্দেশনা দিলে পঞ্চগড় জেলা আইনজীবী সমিতি আরও সমৃদ্ধ হবে। নবীন বরণ অনুষ্ঠানে নতুন আইনজীবীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয় এবং তাদের উদ্দেশ্যে পেশাগত নৈতিকতা, দায়িত্ববোধ ও দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করে বক্তব্য প্রদান করা হয়।
অনুষ্ঠানে সমিতির সিনিয়র আইনজীবীসহ নবীন ও প্রবীণ আইনজীবীরা উপস্থিত ছিলেন। সভায় সমিতির ভবিষ্যৎ কার্যক্রম, পেশাগত উন্নয়ন এবং আইনজীবীদের কল্যাণে বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। আলোচনা সভা ও নবীন বরণ অনুষ্ঠান শেষে বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও তদারকির লক্ষ্যে একাধিক কমিটি গঠন করা হয়।

## মানিকগঞ্জে হত্যা মামলায় ৫ জনের যাবজ্জীবন

মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জ সদর উপজেলায় তুচ্ছ ঘটনায় ইমরান হোসেন নামে এক শিক্ষার্থীকে হত্যার দায়ে পাঁচজনের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। গতকাল বিকেল সাড়ে ৩টার দিকে আসামিদের উপস্থিতিতে এ রায় দেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ-১ আদালতের বিচারক মোতাছিম বিল্লাহ। এ মামলা থেকে নূরু ভূইয়াকে খালাস দেওয়া হয়েছে। রাষ্ট্রপক্ষের আইনজীবী অতিরিক্ত পিপি বুলবুল আহমেদ গোলাপ বিষয়টি নিশ্চিত করেছেন। দণ্ডপ্রাপ্তরা হলেন- সাকিব বিশ্বাস, কালাম মোল্লা, আব্দুল্লাহ আল মতিন বাবু, বুলবুল আহমেদ ও গোলামুর রহমান সেলিম। এর মধ্যে বুলবুল আহমেদ ও গোলামুর রহমান সেলিম পলাতক রয়েছেন। আদালত সূত্রে জানা যায়, ২০১১ সালের ১৪ মে রাতে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। ঘটনার আগের দিন সেলিম তার বাড়িতে গিয়ে ইমরানের বোন লতার কাছ থেকে মোবাইল নম্বর চান। পরদিন রাত আনুমানিক ৯টা ২০ মিনিটে সাকিব ও বুলবুল ইমরানের বাড়িতে গিয়ে তার সঙ্গে কথা বলেন। পরে সেলিম ইমরানকে রমনপুর গ্রামের কালাম মোল্লার দোকানের পাশের একটি ব্রিজের কাছে নিয়ে যান। সেখানে পূর্বপরিকল্পিতভাবে ধারালো অস্ত্র দিয়ে ইমরানের মাথার পেছনে ও তালুতে আঘাত করে তাকে হত্যা করা হয়।



## এসএসসি পরীক্ষার্থীদের সহায়তায় সিংগাইরে ছাত্রদলের হেল্প ডেস্ক ও বিশ্রামসেবা

হাবিবুর রহমান রাজিব, সিংগাইর (মানিকগঞ্জ)

এসএসসি ও সমমান পরীক্ষা ২০২৬ উপলক্ষে পরীক্ষার্থীদের সহায়তায় মানিকগঞ্জের সিংগাইর উপজেলায় হেল্প ডেস্ক ও অভিভাবকদের জন্য বিশ্রামসেবা চালু করেছে উপজেলা, পৌর ও কলেজ ছাত্রদল (মিঠু গ্রুপ)। বুধবার সকালে সিংগাইর পাইলট উচ্চ বিদ্যালয় এবং সিংগাইর পাইলট গার্লস হাই স্কুলের সামনে এ উদ্যোগ গ্রহণ করা হয়। উদ্যোক্তারা জানান, পরীক্ষার্থীদের কেন্দ্রে পৌঁছানো, প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া, পানির ব্যবস্থা ও জরুরি সহায়তা নিশ্চিত করার পাশাপাশি অপেক্ষারত অভিভাবকদের জন্য ছায়াযুক্ত বসার স্থান রাখা হয়েছে। এতে করে গরমের মধ্যে অভিভাবকরা কিছুটা স্বস্তি পাচ্ছেন।
এ সময় উপস্থিত ছিলেন সিংগাইর উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম-আহবায়ক কামরুল হাসান শাকিল, পৌর ছাত্রদলের সাবেক যুগ্ম-আহবায়ক মনিরুজ্জামান রাসেল, সিংগাইর সদর ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ও কলেজ ছাত্রদল নেতা ফাহিম হোসেন, সি: যুগ্ম-আহবায়ক সাব্বির হোসেন এবং কলেজ ছাত্রদল নেতা ইফতেখার আহমেদ জানুসহ উপজেলা, পৌর ও কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা। উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম-আহবায়ক কামরুল হাসান শাকিল বলেন, "কমলমতি পরীক্ষার্থীদের সহায়তায় ছাত্রদলের এই উদ্যোগ চলমান থাকবে, ইনশাআল্লাহ।" তিনি আরও জানান, ভবিষ্যতেও শিক্ষার্থী ও সাধারণ মানুষের কল্যাণে এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে।
স্থানীয় অভিভাবক ও এলাকাবাসী এ উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, পরীক্ষার সময় এমন সহায়তা শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য অনেক উপকারী। এতে একদিকে যেমন পরীক্ষার্থীরা মানসিকভাবে স্বস্তি পায়, অন্যদিকে অভিভাবকরাও কিছুটা নিশ্চিন্ত থাকতে পারেন। উল্লেখ্য, প্রতি বছর এসএসসি পরীক্ষাকে ঘিরে সিংগাইর উপজেলায় বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন এ ধরনের মানবিক উদ্যোগ গ্রহণ করে থাকে। এবারের উদ্যোগটিও সেই ধারাবাহিকতার অংশ হিসেবে ইতিবাচক সাড়া ফেলেছে।



## খাগড়াছড়িতে ভুট্টা চাষে লাভ কয়েক গুণ

### ফল ছাড়াও গাছ বিক্রি হচ্ছে ১০-১৫ টাকায়

মো. লোকমান হোসেন, খাগড়াছড়ি

খাগড়াছড়িতে বছরে ১২ মাস চাষযোগ্য ভুট্টার আবাদ করে কয়েক গুণ লাভ করছেন কৃষকরা। ফল তুলে নেওয়ার পর ভুট্টার গাছ বিক্রি করেই চাষের যাবতীয় খরচ উঠে আসছে, ফলে উৎপাদিত ভুট্টার পুরো অংশই লাভ হিসেবে থাকছে বলে জানিয়েছেন স্থানীয় কৃষকরা। ঈদুল ফিতর পরবর্তী সময়ে পাহাড়ের প্রত্যন্ত গ্রামগুলো সরেজমিনে ঘুরে দেখা যায়, মহালছড়ি ও সদর উপজেলার পেরাছড়া, গুগড়াছড়ি, নুনছড়ি, ক্যায়াংঘাট, উল্টাছড়ি এবং দীঘিনালার বাবুছড়া ও পানছড়ির লতিবানসহ বিভিন্ন এলাকায় ব্যাপক ভুট্টার চাষ হয়েছে। বর্তমানে গো-খাদ্যের সংকট থাকায় খামারিরা কৃষকের খেত থেকে প্রতিটি ভুট্টা গাছ ১০ থেকে ১৫ টাকা দরে কিনে নিচ্ছেন। খামারিরা জানান, সব জায়গায় চাষাবাদ চলায় এখন ঘাসের অভাব রয়েছে। ভুট্টা গাছ গরু-ছাগলের জন্য পুষ্টিকর ও উপাদেয় খাদ্য হওয়ায় তারা সরাসরি খেত থেকে নিজ খরচে এসব গাছ কেটে নিয়ে যাচ্ছেন। কৃষক লাল মোহন চাকমা বলেন, "ভুট্টার ফল কাটার পরপরই কাঁচা ও নরম গাছের চাহিদা বাড়ে। গাছের মান ও সতেজতা ভেদে ১০ থেকে ১৫ টাকায় প্রতিটি গাছ বিক্রি হয়।" চাষি থোয়াইঅং মার্মা জানান, যারা অপরিপক্ক বা কাঁচা ভুট্টা বাজারজাত করেন, তাদের গাছের চাহিদা বেশি থাকে। কারণ ওই সময় গাছগুলো বেশ নরম ও রসালো থাকে। কৃষকদের দাবি, গাছ বিক্রির টাকা দিয়ে তাদের চাষের খরচ উঠে যায়, আর ফল বিক্রির টাকা থাকে নিট মুনাফা। তবে কৃষক উত্তম চাকমা আক্ষেপ করে বলেন, আগে ভুট্টা চাষে সরকারি সহায়তা পাওয়া যেত, যা বর্তমানে বন্ধ রয়েছে। তিনি পুনরায় সরকারি প্রণোদনা চালুর দাবি জানান। খাগড়াছড়ি জেলা কৃষি অফিসের তথ্য মতে, গত বছর জেলায় ৫৯৬ হেক্টর জমিতে ভুট্টার চাষ হয়েছিল। তবে এ বছর সরকারি অনুদান না থাকায় সঠিক শুমারি করা সম্ভব হয়নি। খাগড়াছড়ি সদর উপজেলা কৃষি কর্মকর্তা মুক্তা চাকমা বলেন, "আমরা তামাক চাষের পরিবর্তে কৃষকদের ভুট্টা চাষে উৎসাহিত করছি। মাঠ পর্যায়ে কৃষকরা ভুট্টার বহুমুখী লাভ বুঝতে পেরেছেন। সরকারি নির্দেশনা অনুযায়ী ভবিষ্যতে কৃষকদের সব ধরনের সহায়তা দিতে আমাদের কর্মীরা প্রস্তুত রয়েছে।" তিনি আরও জানান, জেলার কৃষকরা কাঁচা ভুট্টা বিক্রি করায় গাছগুলো গবাদিপশুর খাদ্য হিসেবে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে।

## কালিয়াকৈরে গৃহবধুর রহস্যজনক মৃত্যু

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় জান্নাত আক্তার নামে এক গৃহবধুর রহস্যজনক মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে উপজেলার ঢালজোড়া ইউনিয়নের বান্দাবাড়ী এলাকায় রবিবার দুপুরে। গৃহবধুর পরিবারের দাবি জান্নাত আক্তারকে পরিকল্পিতভাবে হত্যা করা করেছে। পুলিশ স্বামী রাজিব আহম্মেদকে জুনায়েদকে আটক করেছে। এঘটনায় নিহতের বাবা শুকুর আলী বাদী হয়ে কালিয়াকৈর থানায় একটি অভিযোগ দায়ের করেছে। নিহত গৃহবধূ জান্নাত বেগম (২২)টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার গোড়াই এলাকার শুকুর আলীর মেয়ে। নিহতের পরিবার ,পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, গত চার বছর আগে পারিবারিক ভাবে রাজিবের সঙ্গে জান্নাত আক্তারের বিয়ে হয়। বিয়ের পর থেকেই নানা বিষয়ে পারিবারিক কলহ চলে আসছিল। ঘটনার দিন সকালেও স্বামী স্ত্রীর মধ্যে ঝগড়া হয়। এদিকে সকালে সাড়ে আটটার দিকে রাজিব তার শাশুড়ি নবীরন বিবি কে ফোন করে মেয়েকে নিয়ে যেতে হবে অন্যথায় তাকে মেরে ফেলার হুমকি দেয়। এদিকে খবর পেয়ে নিহতের বাবা শুকুর আলী মেয়ের জামাই বাড়িতে গিয়ে দেখেন বিছানায় মেয়ের মৃতদেহ পড়ে আছে।পরে বিষয়টি পুলিশকে জানালে ঘটনাস্থলে থেকে পুলিশ জান্নাতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গাজীপুর শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠায় ।কালিয়াকৈর থানার অফিসার ইনচার্জ (ওসি) সহিদুল ইসলাম বলেন, নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। স্বামীকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।



## বান্দরবানের লামায় তীব্র গরমে ১৮ শিক্ষার্থী অসুস্থ

বশির আহমেদ, বান্দরবান

বান্দরবানের লামা উপজেলার সরই ইউনিয়নে তীব্র দাবদাহে সরই উচ্চ বিদ্যালয়ের ১৮ জন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। রবিবার (২৬ এপ্রিল) দুপুর সাড়ে ১২টার দিকে বিদ্যালয়ে পাঠদান চলাকালে এ ঘটনা ঘটে। বিদ্যালয় সূত্রে জানা যায়, প্রচণ্ড গরমে বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির সাদিয়া আক্তার, জান্নাতুল মাওয়া, মিরতিহান ইবনে জিয়া; সপ্তম শ্রেণির সমিয়ম ম্রো, শামীমা আক্তার, মোহাম্মদ ইয়াসিন আরাফাত; অষ্টম শ্রেণির শাহিদা বেগম, তাসমিন আক্তার এবং দশম শ্রেণির সংলে ম্রো, ফাতেমা আক্তার ও সিফা আক্তারসহ বিভিন্ন শ্রেণির মোট ১৮ জন শিক্ষার্থী হঠাৎ মাথা ঘুরে পড়ে গিয়ে জ্ঞান হারিয়ে ফেলে। ঘটনার সত্যতা নিশ্চিত করে সরই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নীতিপূর্ণ বড়ুয়া বলেন, "বেশ কয়েক দিন ধরেই প্রচণ্ড গরম অনুভূত হচ্ছিল। আজ দুপুরের দিকে বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণিকক্ষে একের পর এক শিক্ষার্থী হঠাৎ করে অচেতন হয়ে পড়তে থাকে। তাদের অবস্থা দেখে আমরা ধারণা করছি, তারা তীব্র দাবদাহের কারণে হিট স্ট্রোকে আক্রান্ত হয়েছে।" তিনি আরও জানান, অসুস্থদের দ্রুত উদ্ধার করে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর কয়েকজনের জ্ঞান ফিরে আসে। বাকিদের উন্নত চিকিৎসার জন্য স্থানীয় কমিউনিটি ক্লিনিকে পাঠানো হয়েছে। বর্তমানে তাদের নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। এই ঘটনার পর শিক্ষক ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ ছড়িয়ে পড়েছে।

## আটোয়ারীতে চা বাগানে বজ্রপাতে শ্রমিক নিহত আহত ২

ইকবাল বাহার, পঞ্চগড়

পঞ্চগড়ের আটোয়ারী উপজেলায় চা বাগানে কাজ করার সময় বজ্রপাতে সোহরাওয়ার্দী (৪০) নামে এক চা শ্রমিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুই শ্রমিক আহত হয়েছেন। রোববার (২৬ এপ্রিল) সকাল ৯টার দিকে উপজেলার ধামোর ইউনিয়নের সোনাপাতিলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সোহরাওয়ার্দী সোনাপাতিলা মাধগজ এলাকার আব্দুস ছামাদের ছেলে। আহতরা হলেন মোস্তফা (৪৫) ও জাহেরুল ইসলাম (৪৩)। তাদের উদ্ধার করে পঞ্চগড় আধুনিক সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। সেখানে তারা চিকিৎসাধীন রয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, সকালে সোনাপাতিলা এলাকার একটি চা বাগানে সোহরাওয়ার্দীসহ তিনজন শ্রমিক চা পাতা সংগ্রহ করছিলেন। এ সময় হঠাৎ বজ্রপাত হলে ঘটনাস্থলেই সোহরাওয়ার্দীর মৃত্যু হয় এবং পাশে থাকা অপর দুই শ্রমিক গুরুতর আহত হন। আটোয়ারী থানার উপ-পরিদর্শক (এসআই) জাহিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, প্রাথমিক সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

## কটুক্তিকারী কলেজছাত্রকে ক্ষমা করে পাশে দাঁড়ালেন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ

ইকবাল বাহার, পঞ্চগড়

সামাজিক যোগাযোগমাধ্যমে আপত্তিকর মন্তব্যের ঘটনায় পঞ্চগড়ে গ্রেফতার হওয়া এক কলেজপড়ুয়া যুবকের পাশে মানবিকভাবে দাঁড়িয়েছেন পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ। জানা গেছে, পঞ্চগড়-২ আসনের সংসদ সদস্য ও পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদকে নিয়ে গত শুক্রবার (২৪ এপ্রিল) ফেসবুকে আপত্তিকর পোস্ট করেন পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার সদর ইউনিয়নের হাজিপাড়া এলাকার বাসিন্দা আশরাফ আলীর ছেলে নিশাদ ইসলাম (২০)। এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে স্থানীয় এক বিএনপি কর্মী সাইবার নিরাপত্তা আইনে নিশাদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেন। মামলার পরপরই পুলিশ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে এবং আদালতে সোপর্দ করে। পরবর্তীতে বিষয়টি প্রতিমন্ত্রীর নজরে এলে তিনি খোঁজখবর নেন। এতে জানা যায়, অভিযুক্ত নিশাদ একজন কলেজ শিক্ষার্থী। তার বয়স ও ভবিষ্যতের কথা বিবেচনা করে প্রতিমন্ত্রী মনে করেন, না বুঝে বা কারও প্ররোচনায় সে এমন কাজ করে থাকতে পারে। এ প্রেক্ষিতে মানবিক দৃষ্টিকোণ থেকে প্রতিমন্ত্রী বিষয়টি ক্ষমার দৃষ্টিতে দেখেন এবং সংশ্লিষ্টদের প্রতি সহনশীলতা প্রদর্শনের আহ্বান জানান। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রতিমন্ত্রীর এই মানবিক উদ্যোগে এলাকায় ইতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। অনেকেই তার এ সিদ্ধান্তকে প্রশংসনীয় বলে মন্তব্য করেছেন।

## সিংগাইর ডিগ্রি কলেজ দপ্তরির অবহেলায় দুই শিক্ষার্থীর ভর্তি অনিশ্চিতের অভিযোগ

হাবিবুর রহমান রাজিব, সিংগাইর (মানিকগঞ্জ)

মানিকগঞ্জ সিংগাইর ডিগ্রি কলেজের দফতরির গাফিলতির কারণে অনার্সে ভর্তি অনিশ্চয়তায় পড়েছে দুই শিক্ষার্থী। অভিযোগ উঠেছে, সময়মতো প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েও তারা ভর্তি প্রক্রিয়া থেকে বাদ পড়েছে। গতকাল সিংগাইর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বরাবর একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী দু'ভাই। ভুক্তভোগী শিক্ষার্থীরা জানায়, কলেজে অনার্সে ভর্তির জন্য গত ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে সব কাগজপত্র দফতরির কাছে জমা দেওয়া হয়েছিল। কিন্তু দফতরি যথাসময়ে তা অফিসে ফরওয়ার্ড করেননি। কলেজে গিয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা রেজাউল শামীম স্যারকে বিষয়টি জানালে তিনি একদিনের সময় নিয়ে পরের দিন বলেন, আমাদের গাফলতির কারণেই তোমাদের দুই ভাইয়ের এ-তো বড়ো ক্ষতি হয়ে গেলো তোমরা ডিগ্রিতে ভর্তি হও, এখন তোমাদের বিষয়ে আর কিছু করার নাই। ফলে ভর্তির শেষ তারিখ পার হয়ে গেছে। শিক্ষার্থীরা আরও জানায়, "সবার অ্যাডমিট কার্ড এলেও আমরা দুজন পাইনি। কলেজ অফিসে যোগাযোগ করলে কর্তৃপক্ষ একদিন সময় নিয়ে জানায়, এখন তাদের আর কিছু করার নেই।" ভুক্তভোগীদের অভিযোগ, ভর্তি হতে না পারার বিষয়টি নিয়ে কারো সাথে আলোচনা না করতে একাধিক ব্যক্তির মাধ্যমে তাদের মোবাইল ফোনে হুমকি দেওয়া হয়েছে। এক শিক্ষার্থীর অভিভাবক বলেন, "শুধু দফতরির অবহেলার কারণে আমার ছেলের এক বছর নষ্ট হয়ে যাবে। আমরা এখন কোথায় যাব?" এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তা রেজাউল শামীম বলেন, আমি বুজতে পারছি না দেখে না চিনে আমি কোনো বক্তব্য দিতে পারবোনা। আমি মিটিংএ আছি আপনি এক সময় কলেজে আসেন পরে কথা হবে। কলেজ দাপ্তরিক মানিক বিষয়টি ভুল শিকার করে বলেন, আমাদের কারণেই ওরা দু-জনে অনার্স ভর্তি পরীক্ষা দিতে পারলোনা। এখন কি করার ডিগ্রিতে ভর্তি হতে পারবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খায়রুন্নাহার বলেন, আমি আজ অভিযোগটি পেয়েই অভিযুক্তকারীদের শোকজ করেছি।

## সাভারে ছাত্রদলের উদ্যোগে পরীক্ষার্থীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ

সাভার প্রতিনিধি



সাভারে পরীক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ, খাবার ও পানি বিতরণ করেছে সাভার পৌর ছাত্রদল রবিবার সকালে সাভার অধর চন্দ্র উচ্চ বিদ্যালয়ের সামনে এসএসসি পরীক্ষার্থীদের মাঝে সাভার পৌর ছাত্রদল নেতা শহীদুল ইসলাম সোহাগের উদ্যোগে খাবার পানি ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। এসময় শিক্ষার্থীদের মাঝে খাবার, পানি ও শিক্ষা উপকরণ বিতরণের পাশাপাশি যানজট নিরসনেও কাজ করেন তারা। এ বিষয়ে সাভার পৌর ছাত্রদল নেতা শহীদুল ইসলাম সোহাগ জানান এই তীব্র গরমে শিক্ষার্থীদের একটু স্বস্তির উদ্দেশ্যে আমাদের এই উদ্যোগ, দেশ ও জাতির কল্যাণে তারাই জাতির মেরুদন্ড হিসেবে গড়ে উঠবে এই শিক্ষার্থীরা,গড়বে নতুন বাংলাদেশ বলে জানান তিনি। তার এই কার্যক্রম দেখে খুশি ও উচ্ছাস প্রকাশ করেন শিক্ষার্থী ও অভিভাবকরা।

## ঘোড়াশালে নিরাপত্তা প্রহরীকে অস্ত্র ঠেকিয়ে পল্লীবিদ্যুৎ উপ কেন্দ্রের তার-যন্ত্রাংশ লুট

মো. জাকির হোসেন ভুইয়া, নরসিংদী

নরসিংদীর পলাশ উপজেলার ঘোড়াশালে বিদ্যুৎ উপ-কেন্দ্রের নিরাপত্তা প্রহরী ও লাইনম্যানকে অস্ত্রের মুখে জিম্মি করে প্রায় ৪ লাখ টাকা মুল্যমানের তামার তার, ডিসকানেক্ট সুইস এর ব্লেড, কন্ট্রোল প্যানেল ক্যাবল ও রাইজারের তার লুট করে নিয়েছে একটি চক্র। গতকাল রবিবার ভোরে পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অধিনস্থ পলাশ উপজেলার ঘোড়াশালের ভাগদী ২০ কেভি বিদ্যুৎ উপ-কেন্দ্রে এই ঘটনা ঘটেছে। চলতি লাইন থেকে এসব তার কেটে নেয়ার ফলে পশাল উপজেলার ভাগদী, রাজাবোসহ ৪টি গ্রামের বিদ্যুৎ সরবরাহ এখন পর্যন্ত (সাড়ে তিনটা) বন্ধ রয়েছে। নরসিংদী পল্লীবিদ্যুৎ সমিতি-১ এর ঘোড়াশাল জোনাল অফিসের উপ-মহাব্যবস্থাপক মো: মনোয়ার হোসেন সুমন জানান, রবিবার ভোরে ভাগদী সাব-স্টেশনে কর্মরত লাইনম্যান আব্দুল ওয়াজেদ ও নিরাপত্তা প্রহরী ইয়াসিনকে ৫/৬ জনের একটি দুর্বৃত্ত দল মোটরসাইকেলযোগে এসে দেশীয় অস্ত্রের মুখে জিম্মি করে ফেলে। এসময় চলতি লাইন থেকে তামার তার, ডিসকানেক্ট সুইস এর ব্লেড, কন্ট্রোল প্যানেল ক্যাবল ও রাইজারের তার কেটে নিয়ে যায় দুর্বত্তরা। এতে পলাশ উপজেলার কয়েকটি গ্রামে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। পরে তারা পল্লীবিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও পলাশ থানা পুলিশে খবর দেয়।
পলাশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহেদ আল মামুন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শনসহ তদন্ত কাজ চালিয়ে যাচ্ছে। এই বিষয়ে থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। দ্রুতই অপরাধীদের ধরার প্রচেষ্টাও অব্যাহত রয়েছে।

## মুন্সীগঞ্জে ডায়াগনস্টিক সেন্টারে অভিযান জরিমানা

মুন্সীগঞ্জ প্রতিনিধি




মুন্সীগঞ্জের জেলা প্রশাসক সৈয়দা নুরমহল আশরাফীর নির্দেশনায় সদর হাসপাতাল সংলগ্ন মেডিস্টার, রেনেসা, সিটি ডায়াগনস্টিক, নিউ স্কয়ারসহ মোট ৮টি ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করা হয়। শনিবার বিকাল ৪ টা থেকে ৬ টা পর্যন্ত এ অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসক কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট ওমর ফারুক।
অভিযানে ডায়াগনস্টিক সেন্টার পরিচালনার জন্য প্রয়োজনীয় স্বাস্থ্য অধিদপ্তরের লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, ট্রেড লাইসেন্স, ফায়ার সার্ভিস লাইসেন্স আছে কি না তা যাচাই করা হয়। এর সাথে ল্যাবে কর্মরত টেকনিশিয়ান, এক্সরে মেশিন পরিচালনায় নিয়োজিত ব্যক্তিবর্গ এর যথাযথ লাইসেন্স রয়েছে কি না যাচাই করা হয়। একই সাথে ল্যাবে টেস্ট করার জন্যে ব্যবহৃত বিভিন্ন রিয়েজেন্ট মেয়াদোত্তীর্ণ কি না তা যাচাই করা হয়।
পরে, নিউ স্কয়ার ডায়াগনস্টিক সেন্টারকে রেজিস্টার্ড মেডিকেল প্রাকটিশনার ব্যতীত ল্যাব ও এক্সরে কার্যক্রম পরিচালনার জন্যে মেডিকেল প্র্যাকটিস এবং বেসরকারি ক্লিনিক ও ল্যাবরেটরী (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৮২ অনুযায়ী ৫০০০/- টাকা জরিমানা করা হয়।

## মাগুরায় সম্পত্তি নিয়ে বিরোধের জেরে গৃহবধূ হত্যা, গ্রেপ্তার দুই

মাগুরা প্রতিনিধি

মাগুরার শ্রীপুর উপজেলায় সম্পত্তি সংক্রান্ত দীর্ঘদিনের বিরোধের জেরে জেসমিন খাতুন (৭০) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় হত্যা মামলা দায়েরের পর পুলিশ অভিযুক্ত দুইজনকে গ্রেপ্তার করেছে। নিহত জেসমিন খাতুন উপজেলার চন্ডিখালী গ্রামের বাসিন্দা। তিনি স্বামীর বাড়িতে বসবাস করতেন এবং দুই কন্যা সন্তানের জননী ছিলেন। দীর্ঘদিন ধরে পারিবারিক সম্পত্তি নিয়ে আত্মীয়দের সঙ্গে তার বিরোধ চলছিল বলে জানা গেছে। নিহতের ভাই বাদশা খন্দকার জানান, গত ২৬ মার্চ রাতে খাবার শেষে স্বামীর ঘরে অবস্থান করছিলেন আমার বোন জেসমিন খাতুন। এ সময় পূর্বপরিকল্পিতভাবে দুর্বৃত্তরা ঘরে প্রবেশ করে তাকে শ্বাসরোধ করে হত্যা করে।একাধিক ব্যক্তি আমার বোনকে ধরে রাখে এবং মুখ চেপে ধরে হত্যাকাণ্ড সংঘটিত করে। পরে ঘটনাটি ভিন্নখাতে প্রবাহিত করতে মরদেহ ঘরের বারান্দায় ফেলে রাখা হয়।
তিনি আরও জানান, পরদিন সকাল ৮টার দিকে পরিবারের সদস্যরা খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে মরদেহ দেখতে পাই। জেসমিন খাতুনের শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন দেখে আমাদের সন্দেহ আরও ঘনীভূত হয়। পরে পুলিশকে খবর দেওয়া হলে তারা ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায় এবং ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়। ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয় এবং স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।ময়নাতদন্ত প্রতিবেদনে শ্বাসরোধ করে হত্যার আলামত পাওয়া গেছে।
এ ঘটনায় ৬ জনকে আসামী আসামি করে শ্রীপুর থানায় হত্যা মামলা দায়ের করা হয়েছে।আসামীরা হচ্ছেন, শামীম মোল্লা,লিয়াকত মোল্লা,লিটন মোল্লা, রেশমী, মোমেনা এবং বিথী। ঘটনার পর আসামিরা পলাতক রয়েছেন। নিহতের স্বজনরা হত্যাকাণ্ডে জড়িতদের দ্রুত গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।
শ্রীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) মো. আতাউর রহমান বলেন, এ ঘটনায় থানায় হত্যা মামলা দায়ের করা হয়েছে। ইতোমধ্যে দুইজনকে গ্রেপ্তার করে আদালতে প্রেরণ করা হয়েছে। মামলায় অভিযুক্ত অন্যদের গ্রেপ্তারের অভিযান অব্যাহত রয়েছে।